

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
ব্যবস, বাণিজ্য ও বিনিয়োগ শাখা
www.tangail.gov.bd


স্মারক নং ০৫.৩০.৯৩০০.০২১.০২.০০১.১৫(অংশ-১)- ২৬৮ (৫০)

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩১
০৯ মে ২০২৪

‘বিজ্ঞপ্তি’

এতদ্বারা সকল নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সামগ্রী এবং স্বর্ণ ব্যবসায়ী ও স্বর্ণ কারিগরীগণকে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল হতে ২০২৩-২০২৪ অর্থবছরে ইস্যু/নবায়নকৃত লাইসেন্সের মেয়াদ আগামী ৩০-০৬-২০২৪ খ্রি. তারিখে শেষ হবে। ২০২৪-২০২৫ অর্থবছরের লাইসেন্স নবায়নের জন্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্য নিয়ন্ত্রণাদেশ ১৯৮১ এর ২২ এর (৪) ও (৬) ধারার বিধান মতে লাইসেন্সসমূহ এবং ১৯৮৭ সনের স্বর্ণ (সংগ্রহ, মজুদ ও বিতরণ) আদেশের ৫(৩) ধারার বিধান মতে স্বর্ণ ব্যবসায়ী ও স্বর্ণ কারিগরী লাইসেন্সসমূহের নবায়নের আবেদন নির্ধারিত ফরমে আগামী ২৭-০৬-২০২৪ খ্রি. তারিখের মধ্যে এ অফিসে দাখিল করতে হবে।

এ জেলার সকল নিত্যপ্রয়োজনীয় দ্রব্য যেমন- লৌহ ও ইস্পাত, সিমেন্ট, সূতা (খুচরা ও পাইকারী), কাপড় (খুচরা ও পাইকারী), সিগারেট (পাইকারী), দুগ্ধজাত পণ্য, বৈদ্যুতিক সরঞ্জাম, রেডিও সামগ্রী, টিভি (২০ ইঞ্চি), ইলেকট্রিক তার, বাব্ব ও ফ্যান (পাইকারী ও খুচরা), কাচ ও বৈজ্ঞানিক ল্যাবরেটরি সরঞ্জাম (পাইকারী), খুচরা যন্ত্রাংশ, টায়ার ও টিউব (পাইকারী), স্যানিটারি ও পানি সরবরাহ জিনিসপত্র (পাইকারী ও খুচরা), ওয়াশিং ও টয়লেট সোপ (পাইকারী), ভোজ্য তেল (পাইকারী), চিনি (পাইকারী), ভোজ্য লবণ (পাইকারী), কাগজ বোর্ড, সজ্জা বোর্ড, প্রাচীর বোর্ড, ফাইবার বোর্ড, মেডিকেল ও সার্জিক্যাল যন্ত্রপাতি, বাইসাইকেল, স্পোরার পার্টস, টায়ার টিউব ইত্যাদি দ্রব্যের ব্যবসায়ী লাইসেন্সধারীগণকে তাদের নিজ নিজ লাইসেন্সের নির্ধারিত নবায়ন ফি সংশ্লিষ্ট হিসাব-কোড নং ১-৩৯৩৪-০০০০-১৮৩১ খাতে ট্রেজারী চালানমূলে এবং স্বর্ণ ব্যবসায়ী ও স্বর্ণ কারিগরী লাইসেন্সধারীগণকে তাদের নিজ নিজ লাইসেন্সের নির্ধারিত নবায়ন ফি সংশ্লিষ্ট হিসাব কোড নং ১-১৭০১-০০০১-১৮৫৪ খাতে ট্রেজারী চালানমূলে সরকারী কোষাগারে জমা দিয়ে চালানের ১ম কপি এবং অন্যান্য সংশ্লিষ্ট কাগজসহ আবেদনপত্র আগামী ২৭-০৬-২০২৪ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে দাখিল করার জন নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


জেলা প্রশাসক
টাঙ্গাইল পক্ষে
০২/০৫/২৪

- অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :
- ১। পুলিশ সুপার, টাঙ্গাইল
 - ২। সিভিল সার্জন, টাঙ্গাইল
 - ৩। উপ-পরিচালক, মূল্য ও বাজার তথ্য দপ্তর, ৩০/এ পুরানা পল্টন, ঢাকা
 - ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, টাঙ্গাইল
 - ৫। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল) টাঙ্গাইল (তাকে তার উপজেলাধীন উল্লিখিত ব্যবসায়ীদেরকে ডিলিং লাইসেন্স গ্রহণ ও নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
 - ৬। মেয়র/চেয়ারম্যান.....(সকল), পৌরসভা/উপজেলা পরিষদ, টাঙ্গাইল
 - ৭। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
 - ৮। জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল। তাকে বিজ্ঞপ্তিটি জরুরী ভিত্তিতে মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো
 - ৯। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, টাঙ্গাইল
 - ১০। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, টাঙ্গাইল
 - ১১। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, টাঙ্গাইল
 - ১২। সভাপতি/সম্পাদক, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, টাঙ্গাইল
 - ১৩। সভাপতি/সম্পাদক, জেলা ব্যবসায়ী ঐক্য জোট, টাঙ্গাইল
 - ১৪। সভাপতি/সম্পাদক.....ব্যবসায়ী সমিতি, টাঙ্গাইল। তাকে তার সমিতির আওতাভুক্ত সকল ব্যবসায়ীগণকে ডিলিং লাইসেন্স গ্রহণ/নবায়ন করার সহযোগিতা র জন্য অনুরোধ করা হলো
 - ১৫। নাজির, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
 - ১৬। মাস্টার/অফিস কপি

০৫/০৫/২৪
১৩/০৫/২৪
২৬/০৫/২৪